



প্রকল্পের নাম: সুফল বাংলা

- দপ্তর বা বিভাগের নাম: কৃষি বিপণন দপ্তর
- প্রকল্পের উদ্দেশ্য: ২০১৪-র ২৯ সেপ্টেম্বর এই প্রকল্প চালু হয়। চাষিদের কাছ থেকে লাভজনক দামে সরাসরি কৃষিজ পণ্য সংগ্রহ করে, যুক্তিযুক্ত দামে, তা মানুষের কাছে পৌঁছে দেওয়া হয় চলমান অথবা স্থায়ী বিপণন কেন্দ্রের মাধ্যমে। এইসব 'সুফল বাংলা' বিপণিতে এক ছাদের তলায় সবজি, ফল, মাংস, দুধ, মাংস এবং দুধজাত দ্রব্য, চাল, ডাল, সব ধরনের সুগন্ধি চাল পাওয়া যায়। এখনও পর্যন্ত ৪০টি বিপণি খোলা হয়েছে। সিমুর তাপসী মালিক কৃষক বাজার এই প্রকল্পের মুখ্য কেন্দ্র। প্রকল্পের ওয়েবসাইটে প্রতিদিন কৃষিপণ্য ক্রয় ও বিক্রয়মূল্য প্রচার করা হয়।
- কারা আবেদন করতে পারবেন: ফসল বিক্রির জন্য ব্যক্তি-কৃষক এবং কৃষক দল নাম নথিভুক্ত করতে পারবেন এবং নিবন্ধীকৃত ফার্মাস প্রোডিউসারস কোম্পানি লিমিটেডগুলি বিপণি পরিচালনার জন্য আবেদন করতে পারবেন।
- যোগাযোগ: কৃষিজ বিপণন দপ্তরের প্রকল্প ব্যবস্থাপন ইউনিট (PMU) এই প্রকল্প পরিচালনা করে। উল্টোডাঙার উত্তরাপাণ্ডে প্রকল্পের প্রধান কার্যালয়ে অথবা জেলা ও মহকুমার সংশ্লিষ্ট কৃষি বিপণন বিভাগের দপ্তরে যোগাযোগ করতে পারেন। ওয়েবসাইট : www.sufalbangla.in

